

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ এফ এম বিভাগ-১

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৪২৩.৩২.০০০৮.২৫ নথির বিষয়: Supply of workshop materials for FM Division-1, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Supply of workshop materials for FM Division-1, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/১০/২৫ ১১:০১ পূর্বাহ্ন

মডস সার্কেল-১ এর আওতাধীন এফ এম বিভাগ-১ এর অধীনে অর্থ্যাৎ মডস জোন-১/২/৩/৬/৭ এর প্রায় ৬৫০টির অধিক গভীর নলকূপে পাম্প মোটর স্থাপন/প্রতিস্থাপন, ডেলিভারী লাইনসহ অন্যান্য যান্ত্রিক ও বৈদ্যুতিক মেরামত-রক্ষনাবেক্ষন কাজ করা হয়ে থাকে। অত্র বিভাগের আওতাধীন সেগুনবাগিচাছ সাব অফিস কম্পাউন্ডে নির্মিত মেশিন শপে কলাম পাইপে ফ্লাঞ্জ লাগানোসহ মডিফিকেশন করতঃ কূপে ব্যবহার উপযোগী করা হয়। তাছাড়া পুরাতন কলাম পাইপ মডিফিকেশনসহ বিভিন্ন ধরনের যান্ত্রিক কাজ করা হয়ে থাকে। যাতে বিভাগীয় মেশিন শপের মেশিনিষ্ট, ওয়েল্ডার/ পেইন্টার ও অন্যান্য জনবল দ্বারা উক্ত কাজ করা হয়ে থাকে। কলাম পাইপ মডিফিকেশন কাজে ওয়েল্ডিং, পেইন্টিং ও আনুষঙ্গিক কাজটি বেশ কষ্টস্বাধ্য ও ঝুঁকিপূর্ণ হওয়াতে এ কাজে নিয়োজিত জনবলের নিরপত্তা সরঞ্জাম যেমন-হ্যান্ডশীড, ওয়েল্ডিং হেড শীল্ড, ওয়েল্ডিং গ্লাস, ফেস মাস্ক প্রভৃতি অত্যাৱশ্যক। বর্তমানে বিভাগীয় ভান্ডারে ওয়েল্ডিং ইলেকট্রোড হোল্ডার, ওয়েল্ডিং হেড শীল্ড, ওয়েল্ডিং হ্যান্ড শীল্ড, ওয়েল্ডিং গ্লাস, ফেস মাস্ক, গ্রাইন্ডিং মেশিন, গ্রাইন্ডিং হুইল, কাটিং হুইল প্রভৃতি খুচরা মালামাল মজুদ না থাকায় কলাম পাইপ মডিফিকেশন কাজ তথা মেশিন শপের সার্বিক কাজের সমস্যা হচ্ছে। সে কারনে অত্র বিভাগের যাবতীয় ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল মালামাল ছাড়াও মেশিন শপের কাজের প্রয়োজনীয় খুচরা মালামাল ও নিরপত্তা সরঞ্জাম এবং ১(এক)টি ওয়েল্ডিং মেশিন ও ২(দুই)টি হ্যান্ড ট্রলি সংগ্রহের লক্ষ্যে পূর্বানুমোদিত এবং বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে সর্বমোট=৪,৯৭,৮৫০/- (চার লক্ষ সাতানব্বই হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম-পরিকল্পনার খুচরা যন্ত্রাংশ খাতের ক্রমিক নং-৬, পি জি-৫ হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম-পরিকল্পনার খুচরা যন্ত্রাংশ খাতের ক্রমিক নং-৬, পি জি-৫.

২। আলোচ্য কাজের পূর্বানুমোদিত ও বাজার দরের কপি।



৩। আলোচ্য কাজের প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/১০/২৫ ১১:০২ পূর্বাহ্ন

আলোচ্য ক্রয় কার্যক্রমটি পিপিআর-২০০৮ এর ৬১ বিধির উপ-বিধি ১ মোতাবেক Open Tendering Method (e-GP) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD From e- PG-2 এর ফরম্যাটের অনুসরনে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরি করা হবে।


অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/১০/২৫ ১১:১০ পূর্বাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of workshop materials for FM Division-1, Dhaka WASA কাজের জন্য উপস্থাপিত সর্বমোট=৪,৯৭,৮৫০/- (চার লক্ষ সাতানব্বই হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্রের প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পি.পি.আর.-২০২৫ এর ৭৮ বিধির উপবিধি-১ মোতাবেক উন্মুক্ত দরপত্র বা Open Tendering Method (e-GP) OTM পদ্ধতিতে দরপত্র আহ্বানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আর পি ই এন্ড এম সার্কেল) মহোদয়ের আওতাধীন।

			
৯/১০/২৫ ১১:১১ পূর্বাহ্ন মোঃ আবুল হোসেন উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-১	৯/১০/২৫ ১২:৪৫ অপরাহ্ন মোঃ গোলাম মোস্তফা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-১	৯/১০/২৫ ১:৩২ অপরাহ্ন মোঃ নওশাদ আলম নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-১	৯/১০/২৫ ১:৩২ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল




অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৯/১০/২৫ ১১:৫৯ অপরাহ্ন

অনুমোদিত।

	
৯/১০/২৫ ১১:৫৯ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	৯/১০/২৫ ১১:৫৯ অপরাহ্ন মোঃ নওশাদ আলম নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-১

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১০/১০/২৫ ১০:৪৪ পূর্বাহ্ন

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

		
১০/১০/২৫ ১১:২২ পূর্বাহ্ন মোঃ নওশাদ আলম নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-১	১২/১০/২৫ ৯:০২ পূর্বাহ্ন মোঃ গোলাম মোস্তফা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-১	১২/১০/২৫ ১১:১৭ পূর্বাহ্ন মোঃ আবুল হোসেন উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-১